

শ্রমিকের পুষ্টিসেবা নিশ্চিতকরণে মালিকদের এগিয়ে আসার আহবান শ্রম প্রতিমন্ত্রীর
খুলনা, ০৫ জানুয়ারিঃ

শ্রমিকের পুষ্টিসেবা নিশ্চিতকরণে মালিকদের এগিয়ে আসার আহবান জানিয়েছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী
বেগম মনুজান সুফিয়ান।

তিনি আজ খুলনা মহানগরীর একটি হোটেলে শ্রমিকদের পুষ্টিসেবা প্রাপ্তি নিশ্চিতকরণে আঞ্চলিক উদ্বুদ্ধকরণ
সভায় প্রধান অতিথির বক্তৃতায় এ আহবান জানান।

শ্রম প্রতিমন্ত্রী বলেন, শ্রমিকরা পুষ্টিকর খাবার গ্রহণ করে সুস্থ থেকে কর্মে নিয়োজিত থাকলে কারখানার
উৎপাদন বৃদ্ধি পাবে। শ্রমজীবী মানুষের হাতেই উন্নয়নের চাবিকাঠি। সুস্বাদু খাদ্য উৎপাদনও তাদের হাতেই।
প্রতিমন্ত্রী ১৯৭২ সালে বাংলাদেশের সংবিধানে ১৮(১) অনুচ্ছেদে পুষ্টির বিষয়টি সংযুক্তির জন্য জাতির পিতা
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে শ্রদ্ধার সাথে স্মরণ করেন। প্রতিমন্ত্রী শ্রমিকের পুষ্টিসেবা নিশ্চিতকরণে
কারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের কর্মকর্তাগণকে মালিক ও শ্রমিকদের নিয়ে আন্তরিকতার
সাথে ভূমিকা রাখার নির্দেশ দেন।

সভায় বিশেষ অতিথির বক্তৃতায় খুলনা সিটি কর্পোরেশনের মেয়র তালুকদার আব্দুল খালেক বলেন,
কারখানায় উৎপাদন বৃদ্ধির স্বার্থে মালিকগণকে কারখানার সুন্দর পরিবেশ, শ্রমিকের পুষ্টিকর খাবার,
স্বাস্থ্যসম্মত ক্যান্টিনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। পুষ্টিমান বজায় রেখে স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত যে
কোন কর্মসূচিতে সিটি কর্পোরেশন সহযোগিতা করবে বলে তিনি আশ্বাস দেন।

অনুষ্ঠানে জানানো হয়, শ্রমিকের পুষ্টিসেবা নিশ্চিত করে সরকারের সাথে বেসরকারি সংস্থা গ্লোবাল অ্যালায়েন্স
ফর ইমপ্রুভ নিউট্রিশন-গেইন ২০১৮ সাল থেকে সমঝোতা চুক্তির মাধ্যমে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের
অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সাথে কাজ করছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে শ্রমিকের
পর্যাপ্ত পুষ্টি প্রাপ্তি জাতীয় উৎপাদন ২০ শতাংশ বাড়িয়ে দিতে পারে। শ্রমিকের স্বাস্থ্যসেবা, পুষ্টিমান বজায়
রাখতে এক ডলার বিনিয়োগে ১৬ ডলার মূল্যের উৎপাদন বৃদ্ধি পায় বলে উল্লেখ করা হয়।

খুলনার জেলা প্রশাসক মোহাম্মদ হেলাল হোসেনের সভাপতিত্বে বিভাগীয় কমিশনার মোঃ ইসমাইল হোসেন,
গেইন বাংলাদেশের কান্ডি ডিরেক্টর ড. রুদাবা খন্দকার, স্বাস্থ্য অধিদপ্তরের সহকারী পরিচালক ডা. মঞ্জুরুল
মোর্শেদ, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের যুগ্ম মহাপরিদর্শক ডা. মোস্তাফিজুর রহমান এবং
খুলনা বিভাগীয় শ্রম দপ্তরের পরিচালক মোঃ মিজানুর রহমান বক্তৃতা করেন। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন
করেন গেইন বাংলাদেশের প্রোগ্রাম ম্যানেজার খন্দকার মনিরুজ্জামান বিপুল।

সভায় কলকারখানা ও প্রতিষ্ঠান দপ্তর এবং শ্রম অধিদপ্তরের কর্মকর্তারা, বিভিন্ন সেক্টরের মালিক প্রতিনিধি
এবং শ্রমিক প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। শ্রম মন্ত্রণালয় এবং বেসরকারি উন্নয়ন সংস্থা গেইন বাংলাদেশ
যৌথভাবে এ সভার আয়োজন করে।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ ০১৭১৮৮৫১৮৫১



শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান খুলনা মহানগরীর একটি হোটেলে শ্রমিকদের পুষ্টিসেবা প্রাপ্তি নিশ্চিতকরণে আঞ্চলিক উদ্বুদ্ধকরণ সভায় প্রধান অতিথির বক্তৃতা করেন।
পিআইডি, খুলনা। (০৫ জানুয়ারি-২০২০ মঙ্গলবার)